গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি
শাহবাগ, ঢাকা-১০০০
www.bcsadminacademy.gov.bd

বিষয়: বিসিএস প্রশাসন একাডেমিতে প্রস্তাবিত/চলমান/গৃহিতব্য প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : ড. মোহাম্মদ আলতাফ-উল-আলম, রেক্টর (সচিব)<br>বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি |
| সভার তারিখ | : ০৮ জুন ২০২৬ খ্রিস্টাব্দ |
| সভার সময় | : সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | : সভাকক্ষ, বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা |
| উপস্থিতি | : পরিশিষ্ট 'ক' অনুযায়ী |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) বিসিএস প্রশাসন একাডেমিতে প্রস্তাবিত, চলমান ও গৃহিতব্য প্রকল্পসমূহের সর্বশেষ অগ্রগতি সভায় উপস্থাপন করেন। উপস্থাপনা শেষে প্রতিটি প্রকল্পের মূল উপাদান (key components), বর্তমান অবস্থা এবং পরবর্তী করণীয় সম্পর্কে উপস্থিত কর্মকর্তাবৃন্দের অংশগ্রহণে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। বিশদ আলোচনাক্রমে প্রকল্পভিত্তিক নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

| ক্রম | আলোচনার সারসংক্ষেপ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১. | **বিসিএস প্রশাসন একাডেমি'র বর্ধিত ক্যাম্পাস নির্মাণ, কেরাণীগঞ্জ**<br><br>প্রকল্পটির বর্তমান অবস্থা ও জমি সংক্রান্ত বিষয়াদি সভায় উপস্থাপিত হয়। সভায় জানানো হয়, ইতোমধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়, বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর, জনপ্রশাসন মন্ত্রণালয় ও একাডেমির সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ স্থানটি পরিদর্শন করেছেন। | ১.১ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত ও নির্দেশনার আলোকে পরবর্তী করণীয় নির্ধারণ করতে হবে। | ১। এমডিএস (উন্নয়ন ও গবেষণা)<br>২। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)<br>৩। উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) |
| ০২. | **বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি'র সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প - ২য় পর্যায়**<br><br>প্রকল্পটি বর্তমানে ২০২৫-২৬ অর্থবছরের এডিপিতে অননুমোদিত নতুন প্রকল্প হিসেবে তালিকাভুক্ত রয়েছে এবং ডিপিপি অনুমোদন প্রক্রিয়াধীন বিষয়ে আলোচনা হয়। তাছাড়া ডিপিপি সংশোধনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিকল্পনা শাখা থেকে প্রদত্ত নির্দেশনাসমূহ নিয়ে আলোচনা হয়। প্রকল্পটি দ্রুততার সাথে অনুমোদনের প্রয়োজনীয়তা সভায় গুরুত্বের সাথে উপস্থাপিত হয়। | ২.১ জনপ্রশাসন মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>২.২ প্রকল্পটি বেগবান করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২.৩ ডিপিপি সংশোধনপূর্বক অবিলম্বে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)<br>২। উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) |
| ০৩. | **জাপানি কারিগরি সহায়তায় বাস্তবায়নযোগ্য প্রকল্প**<br><br>জাইকা (JICA)-এর কারিগরি সহযোগিতায় বাস্তবায়নযোগ্য প্রকল্পটির ডিপিপি ইতোমধ্যে মন্ত্রণালয়ে | ৩.১. জাইকা (JICA) প্রতিনিধির সাথে যোগাযোগ স্থাপন করতে হবে। | ১। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)<br>২। উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) |

| ক্রম | আলোচনার সারসংক্ষেপ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | দাখিল করা হয়েছে। প্রকল্পটির অগ্রগতি ত্বরান্বিত করতে জাইকা প্রতিনিধিদলের সাথে আনুষ্ঠানিক যোগাযোগ স্থাপনের বিষয়ে আলোচনা হয়। | ৩.২. জাইকা প্রতিনিধিদলের সাক্ষাতের ব্যবস্থা গ্রহণপূর্বক একটি সভার আয়োজন করতে হবে। | |
| ০৪. | কোরিয়া সরকারের KSP-এর আওতায় বাস্তবায়নযোগ্য প্রকল্প **(Knowledge Sharing Program of Government/Cadre Officials of Bangladesh)**<br><br>জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪ সেপ্টেম্বর ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১০৭.০০.০০৩.১৫-১৪৬ নং স্মারকের পত্রের প্রেক্ষিতে বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমির ০৯ অক্টোবর ২০২৪ তারিখের ০৫.০২.০০০০.০১১.১৪.০২৪.২৩.৫০৯ নং স্মারকে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রকল্প প্রস্তাব প্রেরণ করা হয়েছিল।<br><br>কোরিয়া সরকারের Ministry of Economy and Finance সাধারণত Embassy of the Republic of Korea in People's Republic of Bangladesh এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মাধ্যমে প্রকল্প প্রস্তাব আহবান করে থাকে। ২০২৫ সালে বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি থেকে কোন প্রকল্প প্রস্তাব প্রেরণ করা হয়নি। ২০২৭/২০২৮ সাইকেলে এবং ২০২৮/২০২৯ সাইকেলে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের প্রস্তাব অন্যান্য বছরের ন্যায় ধারাবাহিকতা অক্ষুন্ন থাকলে ২০২৬ সালের সেপ্টেম্বর-অক্টোবর মাসে আহবান করা হবে। ২০২৪ সালে প্রেরিত প্রকল্প প্রস্তাব ২০২৫/২০২৬ সাইকেলে অথবা ২০২৬/২০২৭ সাইকেলে বাস্তবায়ন না হওয়ায় নতুন করে KSP Guideline অনুসরণ করে প্রকল্প প্রস্তাব প্রণয়নের উপর গুরুত্ব দেয়া হয়। | ৪.১. কোরিয়া সরকারের Ministry of Economy and Finance কর্তৃক পরিচালিত Knowledge Sharing Program (KSP) এর গাইডলাইন যথাযথ অনুসরণ করে প্রকল্প প্রস্তাব প্রস্তুত করতে হবে।<br><br>৪.২. জুলাই/২০২৬-এর মধ্যে Knowledge Sharing Program (KSP) এর Priority Sectors চিহ্নিত করে নির্ধারিত ফরমে প্রকল্প প্রস্তাব প্রস্তুত করতে হবে। | ১। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)<br>২। উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) |
| ০৫. | **বিসিএস প্রশাসন একাডেমির ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা যাচাই (Feasibility Study) প্রস্তাব**<br><br>একাডেমির ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা যাচাই (Feasibility Study) সম্পাদনের প্রস্তাব সভায় উপস্থাপিত হয়। উক্ত সমীক্ষা কার্যক্রম গ্রহণের পূর্বে মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণের প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা হয়। | ৫.১. সম্ভাব্যতা সমীক্ষা যাচাই কার্যক্রম গ্রহণের পূর্বে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নীতিগত অনুমোদনের জন্য পত্র প্রেরণ করতে হবে।<br><br>৫.২. মন্ত্রণালয়ের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন)<br>২। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)<br>৩। উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) |
| ০৬. | **নীলক্ষেতস্থ বিসিএস প্রশাসন একাডেমির আবাসিক ভবন (করোতোয়া) সম্প্রসারণ ও লিফট স্থাপন**<br><br>কর্মচারীদের আবাসন সংকট নিরসনের বিষয়টি গুরুত্ব সহকারে সভায় আলোচিত হয়। সভায় জানানো হয়, নীলক্ষেতস্থ করোতোয়া ভবনের ১০-তলার ফাউন্ডেশন | ৬.১. নীলক্ষেতস্থ বিসিএস প্রশাসন একাডেমির আবাসিক ভবনটি (করোতোয়া) ০৬ (ছয়) তলা থেকে ১০ (দশ) তলা ভবনে সম্প্রসারণ ও লিফট স্থাপনের নীতিগত অনুমোদন চেয়ে জনপ্রশাসন | ১। পরিচালক (প্রশাসন)<br>২। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)<br>৩। উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) |

| ক্রম | আলোচনার সারসংক্ষেপ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | রয়েছে, যার ০৬ (ছয়) তলা পর্যন্ত নির্মিত হয়েছে। করোতোয়া ভবনটিকে ১০-তলায় উন্নীত করার বিষয়ে ও লিফট স্থাপনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

০২। অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৫/০৬/২০২৬

(ড. মোহাম্মদ আলতাফ-উল-আলম)
রেক্টর (সচিব)

স্মারক নম্বর: ০৫.০২.০০০০.০১১.১৪.০৩১.২৫.১০৭

তারিখ: ০১ আষাঢ় ১৪৩৩ / ১৫ জুন ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (পিপিটি অনুবিভাগ), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
৩। যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
৪। এমডিএস (সকল), বিসিএস প্রশাসন একাডেমি, ঢাকা।
৫। পরিচালক (সকল), বিসিএস প্রশাসন একাডেমি, ঢাকা।
৬। উপ-পরিচালক/সহকারী পরিচালক (সকল), বিসিএস প্রশাসন একাডেমি, ঢাকা।
৭। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, বিসিএস প্রশাসন একাডেমি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। রেক্টর (সচিব) মহোদয়ের একান্ত সচিব, বিসিএস প্রশাসন একাডেমি, ঢাকা।
৯। অফিস নথি।

১৫/০৬/২০২৬

(মোছাঃ নাসরিন বানু)
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)